

## মেলবোর্নে অমর একুশে উদযাপন

বাংলাভাষীর রক্তে নির্মিত অমর ২১শে যা আজ আন্তর্জাতিক মাতৃভাষা দিবসও সেই ২১শে ফেব্রুয়ারী উদযাপিত হল মেলবোর্নে ২৩শে ফেব্রুয়ারী সারাদিনব্যাপী অনুষ্ঠানের মাধ্যমে।

যে কীর্তি চাইলেই নির্মান করা যায়না এ নির্মিত হয় সঠিক সময়ে দৃঢ়চেতা ও অহংবোধ সম্পন্ন মানুষের আবেগময় আত্মত্যাগে- অমর ২১শে তেমনি এক অসাধারন কীর্তি।

প্রভাতফেরী দিয়ে শুরু বক্তব্য রাখেন বাংলাদেশ হাই কমিশন ক্যানবেরার পক্ষে কাউন্সিলর জনাব মাহবুব হাসান সালেহ ও স্থানীয় কাউন্সিলের প্রতিনিধি রোজ রেইড। মেলবোর্ন থেকে ড: মুশফিকুর রহমান ভাষাদিবস বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন।

তারপরে ভাষা ও দেশের গান, নাটক, কবিতা সবকিছুর মাঝে দিয়ে দিনটি কাটে। সিডনী থেকে সাংস্কৃতিক সংগঠন প্রতীতিরও অংশ গ্রহণ ছিল এই আয়োজনে। বাংলাদেশী-অঞ্জেলীয় ইংরেজী ভাষী লেখক আদিব খানও কিছু কথা বলেন। তাঁর স্বাক্ষরযুক্ত বইও বিক্রি করা হয় তখন। বইয়ের বিপন্নী ছিল। একুশে উপলক্ষ্যে স্থানীয় একমাত্র বাংলা সংকলন ‘শেকড়’ বর্ণমালা সংখ্যা প্রকাশ করে। উল্লেখ্য যে ২০০২এ মেলবোর্নে উদযাপিত অমর একুশে সংকলনও ‘বর্ণমালা’ নামেই প্রকাশিত হয়।

মেলবোর্নের সামাজিক, সাংস্কৃতিক, আবৃত্তি, নাট্য ও সাহিত্য প্রায় সকল সংগঠনকে একত্রিত করে ‘শ্রোতার আসর’ নামের সাংস্কৃতিক সংঘ একুশে উদযাপনকে সন্দর্ভ করে তোলে।